গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.১৪-০৯

তারিখ : ২৭ পৌষ ১৪২২
১০ জানুয়ারি ২০১৬

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব আছিফ আহমেদ (পরিচিতি নম্বর-৬০১৯৩২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে ১৯-০৭-২০১০ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০০৭.২০১০-৪২৭ সংখ্যক স্মারকমূলে ০১-০৭-২০১০ তারিখ হতে ৩০-০৬-২০১৩ তারিখ পর্যন্ত অষ্ট্রেলিয়াতে Transportation Engineering বিষয়ে পিএইচডি কোর্সে অংশগ্রহণের নিমিত্ত ০৩ (তিন) বছরের প্রেষণ মঞ্জুর করা হয়। অতঃপর পিএইচডি কোর্স সম্পন্নের লক্ষ্যে মেয়াদ বৃদ্ধির জন্য তাঁর ১৮-০৪-২০১৩ তারিখের আবেদন এবং প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের সুপারিশের প্রেক্ষিতে গত ০৮-০৭-২০১৩ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০০৭.২০১০-৪৪২ সংখ্যক স্মারকের '(d) No further extension of time shall be considered in any situation' শর্তে ০১-০৭-২০১৩ তারিখ হতে ৩০-০৬-২০১৪ তারিখ পর্যন্ত আরো ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়;

যেহেতু তিনি ২৮-০৬-২০১৪ তারিখে অস্ট্রেলিয়া হতে পিএইচডি কোর্স সফলভাবে শেষ করার জন্য অতিরিক্ত আরো ০৩ (তিন) মাস প্রেষণ মেয়াদ বৃদ্ধির আবেদন করেন, যা গত ০৮-০৭-২০১৩ তারিখের অতিরিক্ত প্রেষণ মঞ্জুরি আদেশের শর্ত-d-এর পরিপন্থি এবং অগ্রহণযোগ্য এবং তাঁর অনুকূলে মঞ্জুরীকৃত প্রেষণ মেয়াদ গত ৩০-০৬-২০১৪ তারিখ শেষ হয়েছে;

যেহেতু তিনি দেশে প্রত্যাবর্তনপূর্বক স্ব-পদে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর গত ০৬-১১-২০১৪ তারিখের ১৬৭৬-ই সংখ্যক স্মারকে এ বিভাগকে অবহিত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন;

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১৬/২০১৪ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ডিজারশনে থেকে আবেদন করলে কয়েকবার শুনানীর তারিখ পুন:নির্ধারণ করা হয়। কিন্তু তিনি শুনানীতে অংশগ্রহণ করেননি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটিতে তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক জনাব আনোয়ার হোসেন চৌধুরী, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ১০.০৯.২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদন্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ১৭.০৯.২০১৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

যেহেতু তিনি নির্ধারিত সময়ে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক তাঁকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু জনাব আছিফ আহমেদ (পরিচিতি নম্বর-৬০১৯৩২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে, জনাব আছিফ আহমেদ (পরিচিতি নম্বর-৬০১৯৩২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ০১.০৭.২০১৪ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.১৪-০৯/১(১৪)

তারিখ : ২৭ পৌষ ১৪২২
১০ জানুয়ারি ২০১৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব আছিফ আহমেদ (পরিচিতি নম্বর-৬০১৯৩২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, তেজগাঁও, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৩৬৮৮